যুগান্তর

তারিখ 01 APR 2008
পৃষ্ঠা ১০ কলাম ৬

# পিরোজপুরের ৫৮৪ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণ ক্রয়ে পুকুর চুরি

রাজপুর প্রতিনিধি

রাজপুর জেলায় গত দুই অর্থবছরে ৫৮৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ...ন্ন শিক্ষা উপকরণ ক্রয়ে পুকুর চুরির অভিযোগ পাওয়া গেছে। ...মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদফতরের একজন কর্মকর্তা এ সংক্রান্ত তদন্ত ...র শেষ করেছেন। সূত্র জানায়, ওই দুই অর্থবছরে প্রাথমিক শিক্ষা ...য়ন-২ (পিইডি-২) নামে একটি প্রকল্পের নামে ৫৮ লাখ ৪০ হাজার ...ার কাজের দুর্নীতি ধরা পড়ে। সূত্র জানায়, জেলার ৭টি উপজেলার ...টি বিদ্যালয়ের শিক্ষা উপকরণ ক্রয় বাবদ ১০ হাজার টাকা করে বরাদ্দ ...া হয়। কিন্তু জেলা ও উপজেলা শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা ...করণ ক্রয়ক্ষমতা সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের না দিয়ে তাদের ...নীত সদস্য ও পরিচিত দোকান থেকে নিম্নমানের এসব উপকরণাদি ... করেন। সূত্রমতে, দুর্নীতিবাজ শিক্ষা কর্মকর্তারা ভয়ভীতি, বদলি এবং ...থ রাঙানির হুমকি দিয়ে প্রধান শিক্ষকদের কাছ থেকে এ সংক্রান্ত চেক ...

শিক্ষা অধিদফতরসহ বিভিন্ন দফতরে অভিযোগ উত্থাপিত হলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ একজন সহকারী পরিচালককে তদন্তের ভার দেন। তদন্ত কর্মকর্তা, পিরোজপুর শহরের করিমুন্নেছা সরকারি প্রাথমিক বিদ্যালয়, পালপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন উপজেলার বিদ্যালয় পরিদর্শন ও তদন্ত কাজ করেন। এ ব্যাপারে পিরোজপুর সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা দুর্নীতির সত্যতা স্বীকার করে বলেন, বিভিন্ন উপজেলায় এ ধরনের ঘটনা ঘটলেও সদর উপজেলার কোথাও দুর্নীতি হয়নি বলে তিনি মনে করেন। অন্যদিকে মঠবাড়িয়া উপজেলার সাপলেজা ইউনিয়নের ৯৮নং ঝাটিবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষক সমিতির সভাপতি জয়নুল আবেদীন শিক্ষা উপকরণ ক্রয়ে দুর্নীতির ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তাদের বিরুদ্ধে সরাসরি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ করেছেন বলে জানান। তিনি জানান, উপজেলার ১১৫টি বিদ্যালয়ে উপকরণ সরবরাহে হস্তক্ষেপ এবং দুর্নীতির আশ্রয় ...